গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯.৪৩৩

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩২
৩০ সেপ্টেম্বর ২০২৫

# হজ প্যাকেজ ও গাইডলাইন ২০২৬ এর আলোকে চূড়ান্ত নিবন্ধন বিজ্ঞপ্তি

**হজ প্যাকেজ ও গাইডলাইন ২০২৬ গত ২৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে ঘোষণা করা হয়েছে।** সৌদি সরকারের নির্দেশনা অনুযায়ী আগামী ১২ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে ২০২৬ সনে হজে গমনেচ্ছুদের আবশ্যিকভাবে নিবন্ধন করতে হবে।

| ক্রমিক | মাধ্যম | হজ প্যাকেজের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | সরকারি | হজ প্যাকেজ-১ (বিশেষ)* | ৬,৯০,৫৯৭ |
| ০২ | সরকারি | হজ প্যাকেজ-২ | ৫,৫৮,৮৮১ |
| ০৩ | সরকারি | হজ প্যাকেজ-৩ | ৪,৬৭,১৬৭ |
| ০৪ | বেসরকারি/এজেন্সি | বেসরকারি মাধ্যমের সাধারণ হজ প্যাকেজ | ৫,০৯,১৮৫ |

* শুধু হোটেলের দূরত্ব ও মিনা-আরাফায় সার্ভিস ক্যাটাগরি (ডি+সার্ভিস) বিবেচনায় এই প্যাকেজকে বিশেষ হিসেবে গণ্য করা হয়েছে

** কুরবানীর অর্থ প্যাকেজ অন্তর্ভুক্ত করা হয়েছে

| আবাসন/ সার্ভিস | সরকারি মাধ্যম | | | বেসরকারি মাধ্যম |
|---|---|---|---|---|
| | 'হজ প্যাকেজ-১ (বিশেষ)' | 'হজ প্যাকেজ-২' | 'হজ প্যাকেজ-৩' | 'সাধারণ হজ প্যাকেজ' |
| মক্কায় আবাসন | হারাম শরীফের বহি:চত্বর হতে ৭০০ মিটারের মধ্যে | হারাম শরীফের বহি:চত্বর হতে ১.২-১.৮ কি.মি.এর মধ্যে | আজিজিয়া এলাকায়। দূরত্ব ৬-৮ কি.মি. (পাঁচ ওয়াক্ত নামাজ আদায়ের লক্ষ্যে বাসে যাতায়াত) | হারাম শরীফের বহি:চত্বর হতে ৩ কি.মি. এর মধ্যে (বাসে যাতায়াত) |
| মদিনায় আবাসন | মদিনায় মারকাজিয়া (সেন্ট্রাল এরিয়া) এলাকা | মদিনায় মার্কাজিয়া এলাকা | মদিনায় মারকাজিয়া এলাকার বাহিরে | মসজিদে নববী হতে ১ কি.মি. এর মধ্যে |
| মিনা-আরাফার সার্ভিস | জোন-২ এ তাঁবু এবং 'ডি+' ক্যাটাগরির সার্ভিসসহ মোয়াল্লেম কর্তৃক খাবার সরবরাহ | জোন-২ এ তাঁবু এবং 'ডি' ক্যাটাগরির সার্ভিসসহ মোয়াল্লেম কর্তৃক খাবার সরবরাহ | জোন-৫ এ তাঁবু এবং 'ডি' ক্যাটাগরির সার্ভিসসহ মোয়াল্লেম কর্তৃক খাবার সরবরাহ | জোন-৫ এ তাঁবু এবং 'ডি' ক্যাটাগরির সার্ভিসসহ মোয়াল্লেম কর্তৃক খাবার সরবরাহ |

* প্রত্যেক হজযাত্রীর খাবার বাবদ প্রতিদিন ৩৫ সৌদি রিয়াল (কম/বেশি) ব্যয় হতে পারে। সে অনুযায়ী প্রয়োজনীয় সৌদি রিয়াল সঙ্গে নিতে হবে এবং নিজ দায়িত্বে খাবার ক্রয় করতে হবে।

### হজ প্যাকেজ-১ (বিশেষ) এবং হজ প্যাকেজ-২ এর রুম আপগ্রেডেশন:

সরকারি মাধ্যমের হজ প্যাকেজ-১ (বিশেষ) এর হজযাত্রীদের জন্য মক্কা ও মদিনায় বাড়ি/হোটেলে প্রতিরুমে সর্বোচ্চ ৫ সিট এবং হজ প্যাকেজ-২ এর প্রতিরুমে সর্বোচ্চ ৬ সিট থাকবে। তবে নির্ধারিত অর্থ পরিশোধ সাপেক্ষে ২ অথবা ৩ সিটের রুম আপগ্রেডেশন এবং শর্ট প্যাকেজে গমনের সুবিধা গ্রহণ করা যাবে, যা নিম্নরূপ:

| **সরকারি মাধ্যমের হজ প্যাকেজ-১ (বিশেষ) এর হজযাত্রীদের পরিশোধযোগ্য অর্থের পরিমাণ** | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **ক্রম** | **প্যাকেজের ধরন** | **প্যাকেজ মূল্য জনপ্রতি টাকা** | **প্রাথমিক নিবন্ধনের টাকা সমন্বয়** | **প্রাক নিবন্ধন সমন্বয় টাকা** | **চূড়ান্ত নিবন্ধনকালীন প্রদেয় (টাকা)** | **শর্ট প্যাকেজ গ্রহণকারীর ক্ষেত্রে টাকার পরিমাণ** |
| ১ | **হজ প্যাকেজ-১ (বিশেষ)** | **৬,৯০,৫৯৭.০০** | ৩,৫০,০০০.০০ | ২৯,০০০.০০ | ৩,১১,৫৯৭.০০ | ৩,৪৪,৪৪৭.০০ |
| ২ | ২ সিটের রুম | **৯,৭৯,০৮৪.০০** | ৩,৫০,০০০.০০ | ২৯,০০০.০০ | ৬,০০,০৮৪.০০ | ৬,৬৫,৭৮৪.০০ |
| ৩ | ৩ সিটের রুম | **৮,৮২,৯২২.০০** | ৩,৫০,০০০.০০ | ২৯,০০০.০০ | ৫,০৩,৯২২.০০ | ৫,৫৮,৬৭২.০০ |
| **সরকারি মাধ্যমের হজ প্যাকেজ-২ এর হজযাত্রীদের পরিশোধযোগ্য অর্থের পরিমাণ** | | | | | | |
| ৪ | **হজ প্যাকেজ-২** | **৫,৫৮,৮৮১.০০** | ৩,৫০,০০০.০০ | ২৯,০০০.০০ | ১,৭৯,৮৮১.০০ | ২,১২,৭৩১.০০ |
| ৫ | ২ সিটের রুম | **৭,৩৪,৩১২.০০** | ৩,৫০,০০০.০০ | ২৯,০০০.০০ | ৩,৫৫,৩১২.০০ | ৪,২১,০১২.০০ |
| ৬ | ৩ সিটের রুম | **৬,৭৫,৮৩৫.০০** | ৩,৫০,০০০.০০ | ২৯,০০০.০০ | ২,৯৬,৮৩৫.০০ | ৩,৫১,৫৮৫.০০ |

* ভাড়াকৃত হোটেলে রুমের সিটের প্রাপ্যতা অনুসারে ৪ সিটের রুম ২ সিটে এবং ৫ সিটের রুম ৩ সিটে রুপান্তর করে আপগ্রেডেশন হিসাব করা হয়েছে। এক্ষেত্রে উক্তরূপ আপগ্রেডেশন অনুযায়ী সিট বরাদ্দ প্রদান করা না হলে আনুপাতিক হারে অর্থ ফেরত প্রদান করা হবে।

### হজযাত্রী নিবন্ধনের শর্তাবলী:

১. ১২ বছরের উর্ধ্বে হজপালনে যোগ্য বাংলাদেশের যে কোন মুসলিম নাগরিক চূড়ান্ত নিবন্ধন করে হজে যেতে পারবেন
২. নিবন্ধনের জন্য হজযাত্রীর পাসপোর্টের মেয়াদ ৩০ নভেম্বর ২০২৬ পর্যন্ত থাকতে হবে
৩. ই-হজ সিস্টেমে (www.hajj.gov.bd) ভাউচার তৈরি করে ভাউচারে উল্লিখিত পরিমাণ অর্থ নির্ধারিত ব্যাংকে বা অনলাইনে পরিশোধ করে প্রাক-নিবন্ধন করা যাবে
৪. হজ অফিস, আশকোনা, ঢাকা, ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়, বায়তুল মোকাররম, বিভাগীয় ও জেলা কার্যালয়ে প্রাক-নিবন্ধন/প্রাথমিক নিবন্ধন/নিবন্ধন ভাউচার তৈরি করা যাবে

৫. **হজ প্যাকেজ ঘোষণার পূর্বে প্রাথমিক নিবন্ধিত হজযাত্রী ই-হজ সিস্টেমে প্যাকেজ নির্বাচন করে ১২ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে চূড়ান্ত নিবন্ধনের ভাউচার গ্রহণ করতে হবে**

৬. প্রাথমিক নিবন্ধিত হজযাত্রীকে প্যাকেজ মূল্যের অবশিষ্ট অর্থ **৩১ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে পরিশোধ করতে হবে।** উক্ত সময়ের মধ্যে পরিশোধ না করলে প্রাথমিক নিবন্ধন বাতিল হবে

৭. প্যাকেজ নির্বাচন অথবা চূড়ান্ত নিবন্ধনের পর প্যাকেজ পরিবর্তনের সুযোগ থাকবে না

৮. ২০ জানুয়ারি ২০২৬ এর পর নিবন্ধন বাতিলের আবেদন করা হলে ব্যয়িত সমুদয় অর্থ (সৌদি পর্বের ব্যয়সহ) কর্তন করা হবে

৯. হজের খরচ কোন কারণে বৃদ্ধি পেলে তা প্যাকেজ মূল্য হিসেবে গণ্য হবে এবং হজযাত্রীকে পরিশোধ করতে হবে

১০. হজ কলসেন্টার ১৬১৩৬ নম্বরে ফোন করে তথ্য প্রদানের মাধ্যমে হজের প্রাক-নিবন্ধন/প্রাথমিক নিবন্ধন/নিবন্ধন ভাউচার তৈরি করা যাবে

১১. মেডিকেল ফিটনেস ব্যতিত কোন হজযাত্রী হজে গমন করতে পারবেন না

১২. দুরারোগ্য ব্যাধিতে (হৃদরোগ, ফুসফুস, লিভার সিরোসিস, কিডনি রোগে আক্রান্ত, নিউরোলজিক্যাল, মানসিক রোগ, ঝুঁকিপূর্ণ গর্ভাবস্থা, যক্ষ্মা এবং থেরাপি গ্রহণকারী ক্যান্সার রোগী) আক্রান্ত ব্যক্তি হজে গমন করতে পারবেন না

## <u>বেসরকারি মাধ্যমে হজযাত্রী নিবন্ধনের অতিরিক্ত শর্তাবলী</u>

১. এজেন্সিসমূহ সরকার কর্তৃক অনুমোদিত "বেসরকারি মাধ্যমের সাধারণ হজ প্যাকেজ" গ্রহণ করবে এবং মক্কা ও মদিনায় হোটেল/বাড়ির মান ও দূরত্ব, পরিবহন, তাঁবুর জোন ও মিনা-আরাফায় সার্ভিস ক্যাটাগরি বিবেচনায় অতিরিক্ত দু'টি প্যাকেজ ঘোষণা করে হজযাত্রী নিবন্ধন করতে পারবে। তবে সরকার ঘোষিত সর্বনিম্ন প্যাকেজ (হজ প্যাকেজ-৩) এ বর্ণিত সেবা-সুবিধাদি কমিয়ে কোন প্যাকেজ ঘোষণা করা যাবে না। উল্লেখ্য, লিড এজেন্সির সাথে সমন্বয়কারী সকল এজেন্সিকে একই ধরনের (Unique) প্যাকেজে হজযাত্রী নিবন্ধন করতে হবে

২. হজযাত্রীর সঙ্গে হজ এজেন্সির লিখিত চুক্তিতে মক্কা ও মদিনার বাড়ি/হোটেলের মান ও দূরত্ব, মিনায় তাঁবুর জোন ও সার্ভিস ক্যাটাগরি, সৌদি আরবে মোট অবস্থানকাল, খাবার এবং অন্যান্য সুযোগ-সুবিধার বিবরণ আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে

৩. হজের টাকা নগদ জমা না দিয়ে এজেন্সির নির্ধারিত ব্যাংক হিসাবে জমা দিতে হবে। ব্যাংক একাউন্টের তথ্য হজ পোর্টালের এজেন্সি প্রোফাইলে পাওয়া যাবে

| |
|---|
| হজে গমনের শর্তাবলী, করণীয় ও হজযাত্রীর সুযোগ-সুবিধা 'হজ প্যাকেজ ও গাইডলাইন-২০২৬' হতে বিস্তারিত জানা যাবে। সরকারি ও বেসরকারি মাধ্যমের পূর্ণাঙ্গ হজ প্যাকেজ হজ পোর্টাল (**www.hajj.gov.bd**) হতে ডাউনলোড করা যাবে এবং নিম্নোক্ত কিউআর কোড স্ক্যান করে পাওয়া যাবে। |

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হ'ল।

৩০/০৯/২০২৫

মোঃ তফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৮৯৯

**'হজ প্যাকেজ ও গাইডলাইন-২০২৬' পেতে স্ক্যান করুন**